

জগন্নাথ বিশ্ববিদ্যালয় দিবস পালিত হবে ২৭ অক্টোবর

প্রতিনিধি জগন্নাথ বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ২২ অক্টোবর ২০২৫, ২২: ৩৬



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছবি: প্রথম আলো

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে পরিসংখ্যান বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ছাত্রদল নেতা জোবায়েদ হোসেন হত্যাকাণ্ডের প্রেক্ষাপটে বিশ্ববিদ্যালয়টির ২০তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠান ২৭ অক্টোবর অনুষ্ঠিত হবে।

আজ বুধবার বিশ্ববিদ্যালয় প্রশাসনের এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয় বলে জানিয়েছেন উপাচার্য অধ্যাপক মো. রেজাউল করিম।

আজ বিশ্ববিদ্যালয়ের দিবস পালন করার সিদ্ধান্ত হয়েছিল। কিন্তু পরিসংখ্যান বিভাগের শিক্ষার্থী জোবায়েদ খুন হওয়ার কারণে দিবসের সব কার্যক্রম স্থগিত করা হয়।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. রেজাউল করিম বলেন, আগামী সোমবার বিশ্ববিদ্যালয় দিবস পালিত হবে। তবে আগে যেভাবে জাঁকজমকপূর্ণ আয়োজনের প্রস্তুতি নেওয়া হয়েছিল, এবার তা থাকছে না। এদিন কোনো সাংস্কৃতিক অনুষ্ঠানও হবে না। তিনি বলেন, ‘আমরা সবাই জোবায়েদ হত্যাকাণ্ডে গভীরভাবে শোকাহত। তাঁর হত্যার বিচার যাতে দ্রুত সম্পন্ন হয়, বিশ্ববিদ্যালয়ের আইন কর্মকর্তাকে সেভাবে নির্দেশনা দেওয়া হয়েছে।’

জোবায়েদ হত্যার ঘটনায় এর আগে ২১ অক্টোবর বিশ্ববিদ্যালয়ে এক দিনের শোক পালন করা হয়। এদিন বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা হয়। শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা কালো ব্যাজ ধারণ করেন। পরদিন ২২ অক্টোবর বিশ্ববিদ্যালয় দিবসের অনুষ্ঠান স্থগিত করা হয়।